

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সেবা শাখা
www.shed.gov.bd

জাতীয় শিক্ষা সপ্তাহ উদযাপন নীতিমালা
(সংশোধিত ২০২৩)

দেশের প্রতিটি মাধ্যমিক স্কুল, কলেজ, কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান ও মাদ্রাসার শ্রেষ্ঠ শিক্ষার্থী, শ্রেষ্ঠ শ্রেণি-শিক্ষক, শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধানগণের স্ব স্ব ক্ষেত্রে অবদানের স্বীকৃতি প্রদানের উদ্দেশ্যে সরকার প্রতিবছর জাতীয় শিক্ষা সপ্তাহ কর্মসূচি গ্রহণ করে আসছে। উক্ত কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করা হলো:

- ২.০ এ নীতিমালা “জাতীয় শিক্ষা সপ্তাহ উদযাপন নীতিমালা (সংশোধিত ২০২৩)” নামে অভিহিত হবে।
- ৩.০ **অধিক্ষেত্র:** শিক্ষা মন্ত্রণালয়ের অধিক্ষেত্রভুক্ত মাধ্যমিক স্কুল, কলেজ, কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান ও মাদ্রাসায় জাতীয় সহপাঠ্যক্রম ও সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। অনুচ্ছেদ ৪.০ এ বর্ণিত ইভেন্টে প্রতিটি ক্ষেত্রে যোগ্য, মেধাবী ও শিক্ষা ক্ষেত্রে উল্লেখযোগ্য অবদান রেখেছে এমন প্রতিষ্ঠান, প্রতিষ্ঠান প্রধান ও শ্রেণি শিক্ষক এবং শিক্ষার্থীগণ-কে নিরপেক্ষ দৃষ্টিকোণ থেকে নির্বাচনের মাধ্যমে পুরস্কার প্রদান করা হবে।
- ৪.০ ইভেন্টসমূহ:
- ৪.১.১ কেরাত
- ৪.১.২ হামদ/নাত
- ৪.১.৩ বাংলা রচনা প্রতিযোগিতা (বিষয়: অনির্ধারিত (বিচারক তাৎক্ষণিক নির্ধারণ করবেন) সময়-৩০ মিনিট)
- ৪.১.৪.১ ইংরেজি রচনা প্রতিযোগিতা (৬ষ্ঠ থেকে ৮ম এবং ৯ম থেকে ১০ম শ্রেণি) (বিষয়: অনির্ধারিত (বিচারক তাৎক্ষণিক নির্ধারণ করবেন) সময়-৩০ মিনিট)
- ৪.১.৪.২ ইংরেজি বক্তব্য প্রতিযোগিতা(১১শ থেকে ১২শ এবং ১৩শ থেকে ১৭শ শ্রেণি)
- ৪.১.৫ বাংলা কবিতা আবৃত্তি (স্বরচিত/নির্বাচিত)
- ৪.১.৬ বিতর্ক প্রতিযোগিতা (একক)
- ৪.১.৭ দেশাত্মবোধক গান
- ৪.১.৮ রবীন্দ্রসংগীত
- ৪.১.৯ নজরুলসংগীত
- ৪.১.১০ উচ্চাঙ্গসংগীত
- ৪.১.১১ লোকসংগীত (ভাওয়াইয়া, ভাটিয়ালী, পল্লীগীতি, লালনগীতি)
- ৪.১.১২ জারীগান (দলভিত্তিক)
- ৪.১.১৩ নির্ধারিত বক্তৃতা: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও মুক্তিযুদ্ধ
- ৪.১.১৪ নৃত্য (উচ্চাঙ্গ)
- ৪.১.১৫ লোক নৃত্য।
- ৪.১.১৬ তাৎক্ষণিক অভিনয়
- ৫.০ **গুপসমূহ**
- ৫.১ **নিম্নোক্ত গুপে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে:**

ক্র. নং	পর্যায়	প্রতিযোগিতার গুপ
১.	৬ষ্ঠ থেকে ৮ম শ্রেণি বা সমপর্যায়	গুপ-ক
২.	৯ম থেকে ১০ম শ্রেণি বা সমপর্যায়	গুপ-খ
৩.	১১শ থেকে ১২শ শ্রেণি বা সমপর্যায়	গুপ-গ
৪.	১৩শ থেকে ১৭শ শ্রেণি বা সমপর্যায়	গুপ-ঘ

৫.২ উপজেলা পর্যায়ে বিজয়ীরা জেলায়, জেলা পর্যায়ে বিজয়ীরা অঞ্চলে এবং অঞ্চল পর্যায়ে বিজয়ীরা জাতীয় পর্যায়ে অংশগ্রহণ করবেন। শুধুমাত্র জাতীয় পর্যায়ের প্রতিযোগিতায় ৪.১.১ থেকে ৪.১.১৬ ইভেন্টের প্রতিটি হতে ১ম, ২য় ও ৩য় স্থান নির্বাচন করা হবে।

৫.৩ প্রতিটি প্রতিষ্ঠান থেকে নিম্নোক্ত শ্রেণিতে শিক্ষার্থী/শিক্ষক/গুপ নির্বাচন করে উপজেলায় প্রেরণ করবেন। উপজেলা পর্যায়ে বিজয়ীরা জেলায়, জেলা পর্যায়ে বিজয়ীরা অঞ্চলে এবং অঞ্চল পর্যায়ে বিজয়ীরা জাতীয় পর্যায়ে অংশগ্রহণ করবেন।

- ৫.৩.১ শ্রেষ্ঠ শিক্ষার্থী
- ৫.৩.২ শ্রেষ্ঠ শ্রেণি শিক্ষক
- ৫.৩.৩ শ্রেষ্ঠ স্কাউট
- ৫.৩.৪ শ্রেষ্ঠ গার্ল গাইডস
- ৫.৩.৫ শ্রেষ্ঠ রোভার
- ৫.৩.৬ শ্রেষ্ঠ রেঞ্জার
- ৫.৩.৭ শ্রেষ্ঠ বি.এন.সি.সি
- ৫.৩.৮ শ্রেষ্ঠ স্কাউট গ্রুপ
- ৫.৩.৯ শ্রেষ্ঠ গার্ল গাইডস গ্রুপ
- ৫.৩.১০ শ্রেষ্ঠ রোভার গ্রুপ
- ৫.৩.১১ শ্রেষ্ঠ রেঞ্জার গ্রুপ
- ৫.৩.১২ শ্রেষ্ঠ বি.এন.সি.সি গ্রুপ
- ৫.৩.১৩ শ্রেষ্ঠ স্কাউট শিক্ষক
- ৫.৩.১৪ শ্রেষ্ঠ গার্ল গাইডস শিক্ষক
- ৫.৩.১৫ শ্রেষ্ঠ রোভার শিক্ষক
- ৫.৩.১৬ শ্রেষ্ঠ রেঞ্জার শিক্ষক
- ৫.৩.১৭ শ্রেষ্ঠ বি.এন.সি.সি শিক্ষক

৫.৪ উপজেলা পর্যায়ে শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধান ও শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচন কার্যক্রমে অংশগ্রহণের জন্য প্রত্যেক প্রতিষ্ঠান প্রধান, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা বরাবরে প্রতিষ্ঠান প্রধান ও শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য (জীবনবৃত্তান্ত ও প্রতিষ্ঠান সম্পর্কিত তথ্য) এবং প্রতিষ্ঠান থেকে সকল বিষয়ের প্রতিযোগিতা ও নির্বাচন সম্পন্ন করে বিজয়ী ও শ্রেষ্ঠদের তালিকা নির্ধারিত তারিখের মধ্যে স্ব-স্ব এলাকার উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তার দপ্তরে পৌছাতে হবে।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জ।

ই-মেইল useo_sad@yahoo.com

ওয়েব পোর্টাল seo.sirajganisadar.sirajganj.gov.bd



স্মারক নং-উমাশিক্ষা/সিরাজ/সদর/২৩/৯২(১১৭)

তারিখঃ-০৮/০৫/২০২৩খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো :

উপর্যুক্ত নীতিমালার আলোকে “জাতীয় শিক্ষা সপ্তাহ - ২০২৩” উপজেলা পর্যায়ে আগামী ১৪/০৫/২০২৩ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকা হতে গৌরী আরবান বালিকা উচ্চ বিদ্যালয় সিরাজগঞ্জ সদর, সিরাজগঞ্জে অনুষ্ঠিত হবে। উক্ত প্রতিযোগিতা ০৪টি গ্রুপের উপর অনুষ্ঠিত হবে। একজন শিক্ষার্থী সর্বাধিক তিনটি বিষয়ে অংশ গ্রহণ করতে পারবে। আপনার শিক্ষা প্রতিষ্ঠান হতে নির্বাচিত ১ম স্থান অধিকারীর গ্রুপ ওয়ারী তালিকা (৫.৩.১ হতে ৫.৩.১ ইভেন্টের শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়ন পত্রসহ) ১১/০৫/২০২৩খ্রিঃ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে জমা দেওয়ার জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানগণকে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধান ও শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য(জীবনবৃত্তান্ত ও প্রতিষ্ঠান সম্পর্কিত তথ্য) নির্ধারিত তারিখের মধ্যে জমা দেওয়ার জন্য অনুরোধ করা হলো।

অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার,
সদর, সিরাজগঞ্জ(সকল)।

বি.এন.সি.সি

(এলিজা সুলতানা)

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
সদর, সিরাজগঞ্জ।

অফিস টেলিঃ ০২৫৮৮৮৩০২৫২